**১৮. জাতিসংঘ কবে প্রতিষ্ঠিত হয়?**
ক. ১৯১৯ খ. ১৯২০ গ. ১৯৪৫ ঘ. ১৯২৫

**ব্যাখ্যা:** জাতিসংঘ গঠনের প্রক্রিয়া-
- **আটলান্টিক সনদ** - ১৯৪১ সালের ১৪ আগস্ট যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট রুজভেল্ট ও যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী চার্চিল বিশ্বশান্তির জন্য একটি পরিকল্পনা ঘোষনা করেন। এই পরিকল্পনা আটলান্টিক সনদ নামে খ্যাত।
- **মস্কো সম্মেলন** - ১৯৪৩ সালের অক্টোবরে চীন, সোভিয়েত ইউনিয়ন, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের প্রতিনিধিগন মস্কোতে মিলিত হন এবং বিশ্বব্যাপী একটি সংগঠন গঠনের ব্যাপারে ঐক্যমতে পৌছান। এটি মস্কো ঘোষনা নামে পরিচিত।
- **তেহরান সম্মেলন** - ১৯৪৩ সালে রুজভেল্ট, চার্চিল, স্ট্যালিন মিলে ১ ডিসেম্বর ১৯৪৩ এ একটি আন্তজার্তিক সংগঠন গঠনের জন্য বিশ্বব্যাপী আহ্বান করেন।
- **সানফ্রান্সিসকো সম্মেলন** - ৫০ টি দেশের প্রতিনিধি গন ১৯৪৫ সালের ২৫ এপ্রিল থেকে ২৬ জুন সানফ্রান্সিসকো সম্মেলনে যোগদান করেন। ২৬ জুন খসড়া জাতিসংঘ সনদ অনুমোদন দেয়।
- ১৯৪৫ সালের ২৪ অক্টোবর নিরাপত্তা পরিষদের পাঁচ সহ বাকি সদস্য সমূহ জাতিসংঘ সনদ অনুমোদন করে। এর মাধ্যমে জাতিসংঘ প্রতিষ্ঠা লাভ করে।
- ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস হিসেবে পালিত হয়।
- জাতিসংঘের ২৯ তম অধিবেশনে ১৯৭৪ সালে বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে।

**সঠিক উত্তর : গ.**

**১৯. 'সুনামি' শব্দটি কোন ভাষা থেকে নেয়া?**
ক. বাংলা খ. জাপানি গ. ইন্দোনেশীয় ঘ. চাইনিজ

**ব্যাখ্যা:** বিস্তারিত: উপরের বাংলাদেশ বিষয়াবলীর (১৫) নং দেখ।
**সঠিক উত্তর : খ.**

**২০. "মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোলস্" অর্জনের সময়সীমা-**
ক. ২০১৪ খ. ২০২০ গ. ২০১৬ ঘ. ২০১৫

**ব্যাখ্যা:** বিস্তারিত: ঘ (২০১১-২০১২) এর আন্তজার্তিক বিষয়াবলীর (১০) নং দেখ।
**সঠিক উত্তর : ঘ.**

**২১. কোন দেশের সাথে আর্কটিকের বৃহত্তম সীমান্ত?**
ক. আমেরিকা খ. নরওয়ে গ. কানাডা ঘ. রাশিয়া

**ব্যাখ্যা:** আর্কটিক বা সুমেরু অঞ্চল হল পৃথিবীর সর্ব উত্তরের বরফ আচ্ছাদিত অঞ্চল, আর্কটিক বা সুমেরু অঞ্চলের সর্ববৃহৎ সীমান্ত রাশিয়ার সাথে অবস্থিত। রাশিয়ার আলাস্কা, সাইবেরিয়া সহ আরো কয়েকটি অঞ্চল আর্কটিক অঞ্চলের মধ্যে পড়ে।
**সঠিক উত্তর : ঘ.**

**২২. 'Long Walk to Freedoom' - কার আত্মজীবনী?**
ক. ভি.আই লেনিন খ. মাও সেতুং গ. জওহরলাল নেহেরু ঘ. নেলসন ম্যান্ডেলা

**ব্যাখ্যা:** নেলসন মেন্ডেলা রচিত বিখ্যাত গ্রন্থ -
- Long Walk to Freedom, Conversation With Myself, No Easy Walk to Freedom, The Struggle is My life.

**সঠিক উত্তর : ঘ.**

**২৩. Nato (ন্যাটো) কোন ধরনের জোট?**
ক. রাজনৈতিক খ. সামাজিক গ. পরিবেশ ঘ. সামরিক

**ব্যাখ্যা:**
- NATO - North Atlantic Treaty Organization
- ৪ এপ্রিল ১৯৪৯ ন্যাটো প্রতিষ্ঠিত হয়।
- সদর দপ্তর - ব্রাসেলস, বেলজিয়াম
- ন্যাটোর বর্তমান সদস্য - ২৮ টি
- মুসলিম সদস্য দেশ ২টি - আলবেনিয়া ও তুরস্ক।

**সঠিক উত্তর : ঘ.**

**২৪. কোন দেশ বাংলা ভাষাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে?**
ক. ভারত খ. নেপাল গ. জাপান ঘ. সিয়েরা লিওন

**সঠিক উত্তর : ঘ.**

**২৫. কোন সনে এ্যামনেস্টি ইন্টারন্যাশনাল প্রতিষ্ঠিত হয়?**
ক. ১৯৬১ (লন্ডনে) খ. ১৯৬২ (ওয়াশিংটনে)
গ. ১৯৬৩ (প্যারিসে) ঘ. ১৯৬৪ (টোকিওতে)

**ব্যাখ্যা:**
- Transparency International :
প্রতিষ্ঠা - ১৯৯৩; সদর দপ্তর - বার্লিন, জার্মানী
- অ্যামিনেষ্টি ইন্টারন্যাশনাল :-
প্রতিষ্ঠা - ২৮ মে ১৯৬১; সদর দপ্তর - লন্ডন, যুক্তরাজ্য
- হিউম্যান রাইটস ওয়াচ
প্রতিষ্ঠা - ১৯৭৮ সালে, সদর দপ্তর - যুক্তরাষ্ট্র

**সঠিক উত্তর : ক.**

## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০০৯-২০১০

### বাংলা

**০১. 'আমার পূর্ব বাংলা' কবিতায় উল্লিখিত কদম গাছের ফুল ও পাতার সংখ্যা**
ক. দুটি ও তিনটি খ. দুটি ও অনেক
গ. একটি ও তিনটি ঘ. তিনটি ও অনেক

**ব্যাখ্যা:** বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : ঘ.**

**০২. 'বিনির্মাণ' শব্দে 'বি' উপসর্গটি কী অর্থে প্রযুক্ত হয়েছে?**
ক. ইতিবাচক খ. নেতিবাচক গ. সংকোচন ঘ. প্রসারণ

**সঠিক উত্তর : ঘ.**

**০৩. "Why do you fight sight of me" বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ-**
ক. কেন তুমি আমাকে এড়িয়ে চলছ?
খ. কেন তুমি আমার সঙ্গে ঝগড়া করছ?
গ. কেন তুমি আমাকে আঘাত করছ?
ঘ. কেন তুমি আমাকে ফাঁকি দিচ্ছ?

**ব্যাখ্যা:** Fight shy of-এড়িয়ে চলা
**কিছু গুরুত্বপূর্ণ Proverbs-**
উলু বনে মুক্তা ছড়ানো- Cast Pearls before swine
এক মাঘে শীত যায় না - One swallow does not make a Summer.
কই মাছের প্রাণ - A cat has nine lives
কারও পৌষ মাস, কারও সর্বনাশ - Nero fiddles while Rome burns
ক্ষুধা পেলে বাঘও ধান খায় - Hunger is the best sauce
**সঠিক উত্তর : ক.**

**০৪. নিচের কোন শব্দে কোনো ছাড়াই মূর্ধন্য-ষ বসেছে?**
ক. কৃষ্ণ খ. কল্যাণীয়েষু
গ. ভাষ্য ঘ. অভিষেক

**ব্যাখ্যা:** তৎসম শব্দের বানানে "ষ" এর সঠিক ব্যবহারের নিয়মই হল ষত্ব বিধান।
**ষ ব্যবহারের নিয়ম:-**
- ই কারান্ত যেমন: অধি, অনু, অভি, পরি, সু ইত্যাদি এবং উ কারান্ত যেমন- অনু, সু ইত্যাদি উপসর্গের পর "ষ" হয় যেমন- অভিষেক, অনুষঙ্গ, প্রতিষেধক, প্রতিষ্ঠান, পরিষদ, সুষম।
- ঋ, র, ষ এর পরে "ষ" হয় যথা- ঋষি, কৃষক, তৃষ্ণা, বৃষ্টি, বর্ষা, দৃষ্টি, হর্ষ, মুমূর্ষু, ঈর্ষা ইত্যাদি।
- ট, ঠ এর পরে "ষ" হয় যথা:- কষ্ট, স্পষ্ট, ইষ্ট।
- স্বভাবতই "ষ" হয়- কোষ, অভিলাষ, ভাষা, ঔষধ, মানুষ, ষোড়শ, শোষন, ষড়যন্ত্র, ভূষন, উষা, আষাঢ়, ঈষৎ, ভাষ্য ইত্যাদি।
- খাঁটি বাংলা ও বিদেশী শব্দে মূর্ধণ্য 'ষ' হয় না। যেমন - মিসর, জিনিস, মাস্টার। সংস্কৃত 'সাৎ' প্রত্যয়ে মূধার্ণ্য 'ষ' হয় না। যেমন - ধুলিসাৎ, ভূমিসাৎ।

**সঠিক উত্তর : গ.**

**০৫. 'চৌঠা' কোন বাচক শব্দ?**
ক. অঙ্কবাচক খ. গণনাবাচক
গ. তারিখ বাচক ঘ. পূরণবাচক

**ব্যাখ্যা:**

| অঙ্ক বা সংখ্যা বাচক | গণনাবাচক | পূরণ/ক্রম বাচক | তারিখ |
|---|---|---|---|
| ১ | এক | প্রথম | পহেলা |
| ২ | দুই | দ্বিতীয় | দোসরা |
| ৩ | তিন | তৃতীয় | তেসরা |
| ৪ | চার | চতুর্থ | চৌঠা |

**সঠিক উত্তর : গ.**

**০৬. 'যে বিষয়ে কোনো বিতর্ক নেই' কথাটিকে এক কথায় প্রকাশ করলে হবে-**
ক. সর্বসম্মত খ. বিতার্কিক গ. ঐকমত্য ঘ. অবিসংবাদী

**সঠিক উত্তর : ঘ.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

০৭. যে স্বামীর স্ত্রী প্রবাসে আছে তাকে কী বলে?
ক. প্রোষিতভর্তৃকা খ. প্রবাসিনী
গ. প্রোষিতপত্নীক ঘ. প্রেষণী

ব্যাখ্যা: যে স্ত্রীর স্বামী বিদেশ থাকে - প্রোষিতভর্তৃকা
যে স্বামীর স্ত্রী বিদেশ থাকে - প্রোষিত পত্নীক
সঠিক উত্তর : গ.

০৮. 'বিলাসী' গল্পটি কার জবানিতে রচিত-
ক. বিলাসী খ. মৃত্যুঞ্জয় গ. ন্যাড়া ঘ. বৃদ্ধ মালো

ব্যাখ্যা: শরৎচন্দ্রের 'বিলাসী' গল্পটি প্রথমে প্রকাশিত হয় 'ভারতী' পত্রিকায় ১৩২৫ বঙ্গাব্দের (১৯১৮ খ্রিস্টাব্দ) বৈশাখ সংখ্যায়। 'ন্যাড়া' নামের এক যুবকের নিজের জবানিতে বিবৃত হয়েছে এ গল্প। এই গল্পের কাহিনিতে শরৎচন্দ্রের প্রথম জীবনের ছায়াপাত ঘটেছে।
সঠিক উত্তর ঃ গ.

০৯. 'কোন্দা' বলতে কী বোঝায়?
ক. তালগাছের নৌকা খ. কোন্দলপ্রিয় নারী
গ. রোগবিশেষ ঘ. মোটা লাঠি

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

১০. 'রক্ত' শব্দের প্রকৃতি-প্রত্যয় হল
ক. √রুজ্ + ত খ. √রন – ত
গ. √রক্ + ক্ত ঘ. √রনজ্ + ত

সঠিক উত্তর : ঘ.

১১. কোনটি শুদ্ধ শব্দগুচ্ছ-
ক. সমীচীন, হরীতকী, বাল্মীকি, অতীন্দ্রিয়
খ. সমিচীন, হরিতকী, বাল্মীকি, অতীন্দ্রিয়
গ. সমীচীন, বাল্মিকী, হরীতকী, অতিন্দ্রীয়
ঘ. সমীচিন, বাল্মিকী, হরিতকী, অতীন্দ্রিয়

সঠিক উত্তর : ক.

১২. সমার্থক শব্দজোড় শনাক্ত কর
ক. সলিল, সলীল খ. শ্মশ্রু, শ্বশ্রু
গ. সিঁথি, সিতি ঘ. শ্বেত, সিত

ব্যাখ্যা: সলিল - জল
সলীল - লীলাযুক্ত
সিঁথি - মাথার চুল বাধার পদ্ধতি
সিতি - সাদা কালো বা নীল রং
শ্মশ্রু - দাড়ি
শ্বশ্রু - শ্বশুর
শ্বেত, সিত উভয়ের অর্থ "সাদা"
সঠিক উত্তর : ঘ.

১৩. 'Epicurism' - এর যথার্থ পরিভাষা-
ক. নিয়তিবাদ খ. ভোগবাদ
গ. অস্তিত্ববাদ ঘ. পরিবেশবাদ

ব্যাখ্যা: Epicurism- ভোগবাদ
আরও কিছু পারিভাষিক শব্দ-

| | |
|---|---|
| Plaint - আর্জি | Quotation - মূল্যজ্ঞাপন |
| Ransome - মুক্তিপন | Suffrage - ভোটাধিকার |
| Sabotage - অন্তর্ঘাত | Suburb - শহরতলি |
| Venture - প্রচেষ্টা | Zodiac - রাশিচক্র |
| Yawn - হাই তোলা | Vendee - ক্রেতা |

সঠিক উত্তর : খ.

১৪. "তবে সেখানে গৃহিনীর না যাওয়াই ভাল।" 'অর্ধাঙ্গী' রচনায় উল্লিখিত জায়গাটি-
ক. চন্দ্রালোক খ. গ্রহ-নক্ষত্র
গ. সৌরমন্ডল ঘ. আকাশমার্গ

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

১৫. নিচের কোনটিতে অপপ্রয়োগ ঘটেছে?
ক. উপর্যুক্ত খ. পরিবর্তমান গ. আয়ত্তাধীন ঘ. শিক্ষার্থিগণ

ব্যাখ্যা: "আয়ত্ত ও অধীন" উভয়ই প্রায় কাছাকাছি অর্থবোধক শব্দ। তাই একই অর্থবোধক শব্দ একসাথে প্রয়োগ ভুল।
সঠিক উত্তর : গ.

১৬. নিচের কোনটি বিশেষণ?
ক. গণবিরোধী খ. গণ-অভ্যুত্থান
গ. গণ-আন্দোলন ঘ. শিক্ষার্থিগণ

ব্যাখ্যা: যে পদ বিশেষ্য বা অন্য পদকে বিশেষিত করে অর্থ্যাৎ তার দোষ,গুন, অবস্থা, সংখ্যা ইত্যাদি প্রকাশ করে তাকে বিশেষণ পদ বলে। বিশেষণ পদ যে পদটিকে বিশেষ করেছে সর্বদা তার পূর্বে বসে।
সঠিক উত্তর : ক.

১৭. 'নেপোয় মারে দই' - বাগবিধিটির অর্থ
ক. ধূর্ত লোকের ফলপ্রাপ্তি খ. অন্যকে ঠকানো
গ. চাতুর্যপূর্ণ চুরি ঘ. আত্মসাৎ

সঠিক উত্তর : ক.

১৮. কোন শব্দটি উপসর্গ সহযোগে গঠিত নয়-
ক. প্রত্যক্ষ খ. প্রতিরক্ষা গ. প্রতিরোধ ঘ. প্রতিযোগী

ব্যাখ্যা: প্রতি+অক্ষ = প্রত্যক্ষ, এটি সন্ধি যোগে গঠিত হয়েছে। বাকি সব গুলোই উপসর্গ যোগে গঠিত
সঠিক উত্তর : ক.

১৯. নিচের কোনটি নিত্য সমাসের দৃষ্টান্ত?
ক. প্রতিবাদ খ. পরোক্ষ গ. আমরা ঘ. প্রবচন

ব্যাখ্যা: যে সমাসে সমস্যমান পদ গুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না তাকে নিত্য সমাস বলে
যেমন - অন্য গ্রাম = গ্রামান্তর; তুমি, আমি ও সে - আমরা
অনুরূপভাবে - কালসাপ, নিরাননব্বই ইত্যাদি।
• 'আমরা' আবার একশেষ দ্বন্দ্ব সমাসেও পরে।
সঠিক উত্তর : গ.

২০. 'আপনি স্বচ্ছল ও অভিজাত পরিবারের সন্তান হইয়াও যে আচরন করলেন তাহা একমাত্র নেশাগ্রস্থ ব্যক্তির পক্ষেই সম্ভব।' - চলিত রীতির বাক্যটিতে ভুলের সংখ্যা ক'টি?
ক. পাঁচ খ. ছয় গ. সাত ঘ. আট

ব্যাখ্যা: উপর্যুক্ত বাক্যে ৬টি ভুল আছে-
শুদ্ধরূপ : সচ্ছল, হয়েও, তা, নেশাগ্রস্ত, আচরণ।
এছাড়াও বাক্যটিতে করলেন শব্দের পরে কমার ব্যবহার হবে।
সঠিক উত্তর : খ.

২১. রুগ্নতাব্যঞ্জক অব্যয়
ক. কিনকিন খ. ঝিনঝিন গ. টিনটিন ঘ. মিনমিন

সঠিক উত্তর : গ.

২২. 'বনের ঘুঘুরা উহু উহু করি কেঁদে মরে রাতদিন,
পাতায় পাতায় কেঁপে উঠে যেন তারি বেদনার বীন।'
যার কথা বলা হয়েছে সে বৃদ্ধের নাতির কী হয়?
ক. বাবা খ. মা গ. বুজি ঘ. ছোট ফুপু

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

২৩. 'কী নিস্পৃহ'- এখানে কী কোন্ অর্থে ব্যবহৃত?
ক. বিস্ময় খ. বিশেষ্য
গ. ক্রিয়াবিশেষণ ঘ. বিশেষণ

সঠিক উত্তর : ক.

২৪. কোনটি সামাজিক ব্যাধি?
ক. ক্যানসার খ. সোয়াইন ফ্লু
গ. দুর্নীতি ঘ. এইড্স

সঠিক উত্তর : গ.

২৫. 'টিপাই' অর্থ-
ক. একটি নদী খ. সেপাই
গ. তিন পায়াযুক্ত টেবিল ঘ. বাড়ির পেছনের দিকের দরজা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালার
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## English

***Fill in the blanks (Question 1 to 7)***

**01. We have recently entered _____ an agreement with the island co-operative society-**

A. no preposition B. in
C. into D. upon

ব্যাখ্যা: Entered এর পরে Preposition 'into' বসে।
**Ans : C.**

**02. _____ vastness of the Grand Canyon, it is difficult to capture it in a single photograph.**

A. While the B. The
C. For the big D. Because of the

ব্যাখ্যা: Grand Canyon এর বিশালতার (Vastness) এর _____ Single Photograph Capture করা difficult
এখানে Fill in the gaps এ "কারণে" অর্থ বোঝাতে "Because of the" বসবে। তখন Sentence এর অর্থ দাড়াবে এরকম, Grand Canyon এর বিশালতার কারণে এর একটি Photograph ধারণ করা যায় না।
**Ans : D.**

**03. Jamal is no different _____ Kamal.**

A. from B. than
C. in D. on

ব্যাখ্যা: Different এর পরে Preposition হিসেবে from অথবা to বসে।
**Ans : A.**

**04. Computer that once took up entire rooms are now _____ to put on desktops and into wristwatches.**

A. small enough B. smaller than
C. as small as D. so small

ব্যাখ্যা: Enough + Noun
Adjective / Adverb + Enough
পর্যাপ্ত ছোট বোঝাতে Small enough ব্যবহৃত হয়।
**Ans : A.**

**05. It is high time we _____ the people conscious about our national interest.**

A. should make B. made
C. must make D. will make

ব্যাখ্যা: It is time, it is high time এর পরে Subject থাকলে verb টি Past Tense এর হয়। আর এদের পর Subject না থাকলে to + verb হবে।
Example - It's time you realized your mistake.
It's time to do the job.
অনুরূপভাবে, Fill in the gaps এ made বসবে।
**Ans : B.**

**06. Our country is facing a _____ environmental crisis that need to be -**

A. sever, solved B. severe, tackled
C. major, jeopardized D. important, addressed

ব্যাখ্যা: এই ধরনের Fill in the gaps এর ক্ষেত্রে অপশন গুলোর word গুলো বসিয়ে অর্থবহ বাক্যটি বের করতে হবে। Fill in the blanks এ অপশন (B) এর Severe, tackled বসলে বাক্যটা অর্থবহ হয়। আমাদের দেশ মারাত্মক (Severe) পরিবেশ বিপর্যয় এর সম্মুখীন হচ্ছে যা প্রতিহত (tackle) করা প্রয়োজন। তবে অপশনগুলোর শব্দার্থ না জানলে Problem হতে পারে।
**Ans : B.**

**07. A man who cannot win honor on his own _____ will have a very small chance of winning it from-**

A. right, publicity B. country, immigrants
C. field, critics D. age, posterity

ব্যাখ্যা: Right - অধিকার। Publicity - প্রচার।
Immigrants - অভিবাসী। Field - ক্ষেত্র।
Critics - সমালোচক। Age - যুগ।
Posterity - উত্তরসূরি।
**Ans : D.**

***Which of the following sentence is correct? (Question 8-9)***

**08.** A. Do you know when the result will be published?
B. Do you know when will the results be published?
C. Do you know when will publish the result?
D. Do you know when the results will publish?

ব্যাখ্যা: যেহেতু Result নিজে নিজে Published হতে পারে না তাই Sentence টি Passive voice এ হবে।
**Ans : A.**

**09.** A. He disguised himself lest he be recognized
B. He was disguised lest he should be recognized
C. He disguised lest he be recognized
D. He disguised himself lest he can be recognized

ব্যাখ্যা ঃ lest দ্বারা দুটি বাক্যাংশ যুক্ত হলে lest যুক্ত অংশের Subject এর পরে Sould হয় এবং মূল verb এর base form বসে।
Example - He walks fast lest he should miss the class.
অনুরূপভাবে, He was disguised lest he should be recognized হবে।
**Ans : B.**

***Read the following passage carefully and answer the questions 10-15:***

There is no reason to think that reading and writing are about to become extinct, but some sociologists speculate that reading books for pleasure will one day be the province of a special "reading class", much as it was before the arrival of mass literacy, in the second half of the nineteenth century. They warn that it probably won't regain the prestige of exclusivity, it may just become an increasingly secret hobby. Such a shift would change the texture of society. If one person decides to watch Ei Sab Din Ratri rather than to read Sharat Chandra's Devdas, the culture goes on largely as before- both viewer and reader are entertaining themselves while learning something about society in the bargain. But if, over time, many people choose television over books then a nation's conversation with itself is likely to change.

**10. "mass literacy" means**

A. closely organized education
B. unrestricted education
C. open education
D. education for as many people as possible

ব্যাখ্যা: Mass literacy - গণশিক্ষা
গণশিক্ষা দ্বারা যত জন পারা যায়, সবাইকে শিক্ষার ব্যবস্থা করা হয়।
**Ans : D.**

**11. "a viewer" in the paragraph is someone**

A. who sees everything around him
B. who watches people going by
C. who is a sightseer
D. who watches television

ব্যাখ্যা: এখানে Viewer বলতে television viewer দের বোঝানো হয়েছে। আর reader বলতে book reader দের বোঝানো হয়েছে।
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**12. The difference between a reader and a viewer is one of:**
A. intelligence
B. perception
C. Leisure activities
D. preference for either of two different media of communication

ব্যাখ্যা: Passage এ বলা আছে, both viewer and reader are entertaining themselves অর্থ্যাৎ যে যে মাধ্যমকেই ব্যবহার করুক না কেন উভয়ই বিনোদন পাচ্ছে।
**Ans : D.**

**13. "a special reading class" in the paragraph implies**
A. a class of experts
B. a class of noble men
C. a class of distinguished citizen
D. a very small group of dedicated readers

ব্যাখ্যা: এখানে "A special reading class" বলতে যারা শুধুমাত্র Pleasure এর জন্য বই পড়ে তাদের বোঝানো হয়েছে।
**Ans : D.**

**14. " in the bargain" is a phrase which means**
A. haggling B. arguing
C. make an agreement D. in addition

ব্যাখ্যা: Bargain - অর্থ দরকষাকষি, তবে এই Passage এ in the bargain বলতে উপরন্তু বা তদুপরি বোঝাচ্ছে। কারণ, both viewer and reader .......... learning something about society in the bargain. দ্বারা বোঝাচ্ছে যে তারা উভয়ই দেখে এবং পড়ার মাধ্যমে বিনোদন নিচ্ছে উপরন্তু তা Society সম্পর্কেও জানাচ্ছে।
**Ans : D.**

**15. "a nation's conversation with itself' in the paragraph suggests**
A. dialogue between government and people
B. dialogue between different classes of people
C. a nation's image of itself
D. a nation's way of thinking

ব্যাখ্যা: জাতির নিজস্ব ভাবধারাকে বোঝাতে "A nation conversation with itself" ব্যবহৃত হয়েছে।
**Ans : D.**

***Choose the correct option (Questions 16 to 25)***

**16. No spelling mistake occurs in -**
A. hedious B. hidious
C. hideous D. hedeous

ব্যাখ্যা: Hideous - কুৎসিত।
বিস্তারিত : ঢাবি ঘ (২০১২ - ২০১৩) এর (০৪) নং দেখ।
**Ans : C.**

**17. The word 'anthropology' is related to**
A. the study of diseases
B. the study of evolution
C. the study of minerals
D. the study of mankind

ব্যাখ্যা: Study of mankind - **Anthropology**
Study of religion - **Theology**
Study of birds - **Ornithology**
Study of flying aeroplanes - **Aviation**
Study of languages - **Philology**
Study of heredity (বংশগতি) - **Genetics**
**Ans : D.**

**18. The closest translation of 'আমি তার কথা মনে করতে পারছি না।' is**
A. I don't remember his words
B. My memory has lost his words
C. I have forgotten him
D. I can't remember him

ব্যাখ্যা: Remember - মনে করা, স্মরণ করা।
Forgot - ভুলে যাওয়া।
**Ans : D.**

**19. The tag for 'you broke the machine'- is**
A. haven't you B. hadn't you
C. did you D. didn't you

ব্যাখ্যা: যেহেতু Sentence টি Past tense এ তাই tag question এ did হবে। আর যেহেতু Sentence টি Positive তাই tag question "negative" হবে।
**Ans : D.**

**20. Which sentence is correct?**
A. When the police seen the thief, he ran away
B. When the thief saw the police, he ran away
C. When the thief see the police, he ran away
D. When the thief sees the police, he ran away

ব্যাখ্যা: আগে চোর পুলিশ কে দেখেছিল তারপর সে পালিয়েছিল। তাই আগের ঘটনাটি বোঝাতে অবশ্যই Past tense এর ব্যবহার হবে। তাই অপশন (B) ই শুদ্ধ।
**Ans : B.**

**21. The antonym of "spiteful" is**
A. malieious B. malignant
C. rancorous D. benevolent

ব্যাখ্যা: Spiteful - বিদ্বেষপূর্ন
**Synonym :** Malicious, Malevolent, Rancorous, Vicious.
**Antonym :** Kind, benevolent, Gentle, Pleasant.
**Ans : D.**

**22. If you dilly-dally, you**
A. do your work diligently
B. do your work slowly
C. hesitate to your work
D. do your work quickly

ব্যাখ্যা: Dilly-dally - দেরী করা বা ধীরে করা।
**Ans : B.**

**23. What is the meaning of "White Elephant"**
A. An elephant of white colour
B. A big elephant
C. A precious and rare possession
D. A very costly and troublesome possession

ব্যাখ্যা: White Elephant - অপ্রয়োজনীয় অতিরিক্ত খরচ।
**Ans : D.**

**24. ' Megalomania' is a kind of condition in which a person has an exaggerated view of her or his own -**
A. family B. power
C. mental illness D. blue blood

ব্যাখ্যা: Megalomania - নিজেকে অতি ক্ষমতাশীল মনে করা। তাই Fill in the gaps এ Power হবে।
**Ans : B.**

**25. She went back to work (to close) the door**
A. closed B. was closing
C. closing D. close

ব্যাখ্যা: একই Sentence এ পরপর দুটি verb আসলে পরের verb টি ing যুক্ত হয়।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## সাধারণ জ্ঞান

### বাংলাদেশ বিষয়াবলি

০১. সর্বশেষ বাঙালি নোবেল বিজয়ী হলেন-
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. অমর্ত্য সেন
গ. ফজলে হাসান আবেদ ঘ. মুহাম্মদ ইউনুস

ব্যাখ্যা: • বাঙ্গালীদের মধ্যে প্রথম নোবেল বিজয়ী রবীন্দ্রনাথ ঠাকুর
• বাঙ্গালীদের মধ্যে সর্বশেষ নোবেল বিজয় - ড. মুহাম্মদ ইউনূস
• নোবেল বিজয়ী বাঙ্গালী ৩ জন।
সঠিক উত্তর : ঘ.

০২. "আমার ভাইয়ের রক্তে রাঙানো" গানটির সুরকার কে?
ক. আবদুল লতিফ খ. আবদুল আহাদ
গ. আলতাফ মাহমুদ ঘ. আবদুল গাফফার চৌধুরী

ব্যাখ্যা:

| গানের কলি | গীতিকার | সুরকার |
|---|---|---|
| আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো | আব্দুল গাফফার চৌধুরী | শহীদ আলতাফ মাহমুদ |
| এক সাগর রক্তের বিনিময়ে | গোবিন্দ হালদার | আপেল মাহমুদ |
| মোরা একটি ফুলকে বাচাবো বলে | গোবিন্দ হালদার | আপেল মাহমুদ |
| সালাম সালাম হাজার সালাম | ফজল-এ-খোদা | আব্দুল জব্বার |
| জয় বাংলা বাংলার জয় | গাজী মাযহারুল আনোয়ার | আনোয়ার পারভেজ |
| সবকটি জানালা খুলে দাওনা | নজরুল ইসলাম বাবু | আহমেদ ইমতিয়াজ বুলবুল |

সঠিক উত্তর : গ.

০৩. 'জাতীয় কর দিবস' কবে পালিত হয়?
ক. ১৩ই সেপ্টেম্বর খ. ১৪ই সেপ্টেম্বর
গ. ১৫ই সেপ্টেম্বর ঘ. ১৬ই সেপ্টেম্বর

ব্যাখ্যা: কিছু গুরুত্বপূর্ণ দিবস-

| | |
|---|---|
| জাতীয় গ্রন্থ বা পাঠ্য পুস্তক দিবস | ১ জানুয়ারী |
| জাতীয় শিক্ষক দিবস | ১৯ জানুয়ারী |
| জাতীয় ক্যান্সার দিবস | ৪ ফেব্রুয়ারী |
| জাতীয় ডায়াবেটিস সচেনতা দিবস | ২৮ ফেব্রুয়ারী |
| জাতীয় শিশু দিবস | ১৭ মার্চ |
| জাতীয় মূল্য সংযোজন কর দিবস | ১০ জুলাই |
| জাতীয় আয়কর দিবস | ১৫ সেপ্টেম্বর |
| জাতীয় নিরাপদ সড়ক দিবস | ২২ অক্টোবর |
| জাতীয় সমবায় দিবস | নভেম্বর মাসের প্রথম শনিবার |
| সংবিধান দিবস | ৪ নভেম্বর |
| জাতীয় কৃষি দিবস | ১৫ নভেম্বর (১ অগ্রহায়ন) |
| সশস্ত্র বাহিনী দিবস | ২১ নভেম্বর |
| মুক্তিযোদ্ধা দিবস | ১ ডিসেম্বর |
| জাতীয় যুব দিবস | ৮ ডিসেম্বর |

সঠিক উত্তর : গ.

০৪. কুমিল্লার পূর্ব নাম কি?
ক. নাসিরাবাদ খ. সুধারাম
গ. ত্রিপুরা ঘ. সুবর্ণগ্রাম

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১৩ - ২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (০২) নং দেখ।
সঠিক উত্তর : গ.

০৫. টি. আই. এন. শব্দের অর্থ কি?
ক. ট্যাক্স ইনডেক্স নাম্বার খ. ট্যাক্স আইডেন্টিফিকেশন নাম্বার
গ. ট্যাক্স ইনফরমেশন নাম্বার ঘ. ট্যাক্স ইনফরমেশন নেটওয়ার্ক

ব্যাখ্যা: **TIN** - Tax Information Number.
**ICB** - Investment Corporation of Bangladesh.
**ISSB** - Inter Service Selection Board.
**LGRD** - Local Government And Rural Development
**NACTAR** - National Academy for Computer Training and Research.
**NAEM** - National Academy for Educational Management.
**NIPORT** - National Institute of Population Research and Training.
**PPA** - Power Purchase Agreement.
**PRSP** - Poverty Reduction Strategy Paper.
**TCB** - Trading Corporation of Bangladesh.
**TIN** - Tax Identification Number.
**UCEP** - Unprivileged Children's Educational Programme.
**ZPG** - Zero Population Group.
**WMD** - Weapons of Mass Destruction.
সঠিক উত্তর : খ.

০৬. বাংলাদেশের জাতীয় সংসদের প্রতীক কি?
ক. পদ্ম খ. শাপলা গ. গোলাপ ঘ. পাখি
সঠিক উত্তর : খ.

০৭. কবে বাংলাদেশের জাতীয় পতাকা সরকারিভাবে গৃহীত হয়?
ক. ১৭ জানুয়ারী, ১৯৭২ খ. ১৬ ডিসেম্বর, ১৯৭১
গ. ২৬ মার্চ, ১৯৭১ ঘ. ১৭ এপ্রিল, ১৯৭১

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৫) নং দেখ।
সঠিক উত্তর : ক.

০৮. বাংলাদেশের লোকশিল্প জাদুঘর কোথায় অবস্থিত?
ক. আগারগাঁও খ. গফরগাঁও
গ. চান্দগাঁও ঘ. সোনারগাঁও

ব্যাখ্যা: বিস্তারিত: ঘ (২০১০-২০১১) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৪) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

০৯. যে আরব দেশ সর্বপ্রথম বাংলাদেশের স্বীকৃতি দিয়েছিল-
ক. সৌদি আরব খ. সিরিয়া গ. জর্ডান ঘ. ইরাক

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৬) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

১০. বাংলাদেশের সর্ব্বোচ্চ চূড়া কোনটি?
ক. কেওক্রাডং খ. থানচি
গ. নীলগিরি ঘ. চিম্বুক

ব্যাখ্যা: সর্বোচ্চ পর্বতশৃঙ্গ - তাজিংডং অপর নাম বিজয় বা মদক মুয়ালা। তাজিংডং মারমা শব্দ।
উচ্চতা - ১২৩১ মি. বা ৪০৩৯ ফুট বান্দরবানে অবস্থিত।
• দ্বিতীয় সর্বোচ্চ পর্বত শৃঙ্গ - কেওক্রাডং, বান্দরবান।
উচ্চতা - ১২৩০ মি. বা ৪০৩৫. ৪০ ফুট।
• প্রথম বাংলাদেশী এভারেস্ট জয়ী - মুসা ইব্রাহীম ২৩ মে ২০১০।
• প্রথম বাংলাদেশী নারী এভারেস্ট জয়ী - নিশাত মজুমদার - ১৯ মে ২০১২
সঠিক উত্তর : ক.

১১. টেস্ট ক্রিকেটে বাংলাদেশ কততম ম্যাচে জয়লাভ করে?
ক. ৩২তম খ. ৩৩তম
গ. ৩৪তম ঘ. ৩৫তম

ব্যাখ্যা: • টেস্ট ক্রিকেটের মর্যাদা পায় - ২৫ জুন ২০০০
• প্রথম টেস্ট - ভারতের বিপক্ষে, ২০০০ সালে ঢাকায়।
• প্রথম টেস্টে অধিনায়ক - নাঈমুর রহমান দুর্জয়।
• প্রথম টেস্ট সেঞ্চুরিয়ান - আমিনুল ইসলাম বুলবুল।
• প্রথম টেস্ট জয় - জিম্বাবুয়ের বিরুদ্ধে ২০০৫ সালে (৩৫) তম ম্যাচ।
• টেস্টে বাংলাদেশের হয়ে প্রথম হ্যাটট্রিক - অলক কাপালি (পাকিস্তান)
• বিদেশের মাটিতে প্রথম টেস্ট জয় - ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে।
সঠিক উত্তর : ঘ.

১২. বাংলা বর্ষের প্রবক্তা কে ছিলেন?
ক. সম্রাট অশোক খ. সম্রাট আকবর
গ. রাজা লক্ষ্মন সেন ঘ. আবুল ফজল

ব্যাখ্যা: • বাংলা সনের প্রবর্তক - সম্রাট আকবর।
• বাংলা সন কার্যকর হয় - ৫ নভেম্বর ১৫৫৬ সাল।
সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৩. বাংলাদেশে প্রথম কোন কোম্পানী আইএসও ৯০০১ সার্টিফিকেট লাভ করেছে?
ক. এসিআই খ. ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড
গ. প্রাণ গ্রুপ ঘ. স্কয়ার ফার্মাসিউটিকেলস লিঃ

সঠিক উত্তর : ক.

১৪. বাংলাদেশের কোন জেলার সাথে ভারত এবং মায়ানমারের সীমান্ত রয়েছে?
ক. কক্সবাজার খ. বান্দরবান গ. খাগড়াছড়ি ঘ. রাঙ্গামাটি

ব্যাখ্যা: • বাংলাদেশের মোট সীমান্তবর্তী জেলা - ৩২ টি
• ভারতের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা - ৩০ টি
• মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা - ৩টি
• ভারত ও মায়ানমার উভয় সীমান্তবর্তী জেলা - রাঙ্গামাটি।
• বাংলাদেশের মোট সীমানা দৈর্ঘ্য - ৫১৩৮ কি. মি.; স্থলসীমা - ৪৪২৭ কি. মি.; জলসীমা - ৭১১ কি. মি.।
• ভারতের সাথে স্থলসীমা ৪১৪৪ কি. মি.
• মায়ানমারের সাথে স্থলসীমা ২৮৩ কি. মি.
সঠিক উত্তর : ঘ.

১৫. জাতীয় সংসদের কোরামের জন্য সর্বনিম্ন সদস্যের উপস্থিতি লাগে?
ক. ৬০ খ. ৯০ গ. ৩০ ঘ. ১০০

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১২-২০১৩) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৮) নং দেখ।
সঠিক উত্তর : ক.

১৬. বাংলার মানচিত্র প্রথম কে এঁকেছিলেন?
ক. জয়নুল আবেদীন খ. মেজর জেম্‌স রেনেল
গ. কামরুল হাসান ঘ. ডব্লিউ এ এস ওডারল্যান্ড

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১২-২০১৩) এর বাংলাদেশ বিষয়াবলীর (১২) নং দেখ।
সঠিক উত্তর : খ.

১৭. গ্রামীণ ফোন বাংলাদেশের শেয়ার বাজারে কবে যোগ দিয়েছে?
ক. ১ অক্টোবর, ২০০৯ খ. ২ অক্টোবর, ২০০৯
গ. ৩ অক্টোবর ২০০৯ ঘ. ৪ অক্টোবর, ২০০৯

সঠিক উত্তর : গ.

১৮. বাংলা পিডিয়া প্রকাশিত হয়-
ক. বাংলা একাডেমী থেকে খ. ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে
গ. শিল্পকলা একাডেমী থেকে ঘ. এশিয়াটিক সোসাইটি থেকে

ব্যাখ্যা: • এশিয়াটিক সোসাইটি ১৭৮৪ সালে, কলকাতায় প্রতিষ্ঠিত হয়
• এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা - স্যার উইলিয়ামস জোনস।
• এশিয়াটিক সোসাইটি কর্তৃক প্রকাশিত বিশ্বকোষ - বাংলাপিডিয়া।
• পাকিস্তান এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয় - ৩ জানুয়ারী ১৯৫২
• পাকিস্তান এশিয়াটিক সোসাইটি ১৯৭১ সালে বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি নামকরন হয়।
সঠিক উত্তর : ঘ.

১৯. বাংলাদেশে প্রথম বাজেট ঘোষণা করেন
ক. ক্যাপ্টেন মোঃ মনসুর আলী খ. সৈয়দ নজরুল ইসলাম
গ. আতাউর রহমান ঘ. তাজউদ্দিন আহমেদ

ব্যাখ্যা: • স্বাধীন বাংলাদেশে প্রথম বাজেট পেশ করেন - তাজউদ্দীন আহমেদ (৩০ জুন ১৯৭২)
• রাষ্ট্রপতি হিসেবে বাজেট করেন - জিয়াউর রহমান
• প্রথম কালো টাকা সাদা করার সুযোগ দেয়া হয় - ১৯৭৫-৭৬ অর্থ বছরে।
সঠিক উত্তর : ঘ.

২০. বাংলাদেশের কত টাকার নোটে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের স্বাক্ষর থাকে না?
ক. ১০০০ খ. ১০০ গ. ১০ ঘ. ২

ব্যাখ্যা: এক টাকা, দুই টাকা ও পাঁচটাকার নোট এ অর্থসচিব এর স্বাক্ষর থাকে। বাকি সব কটি নোটে বাংলাদেশ ব্যাংকের গর্ভনর এর স্বাক্ষর থাকে।
বর্তমানের সরকারি নোট - তিনটি - ১ টাকা, ২ টাকা, ৫ টাকা।
ব্যাংক নোট - ছয়টি - ১০ টাকা, ২০ টাকা, ৫০ টাকা, ১০০ টাকা, ৫০০ টাকা, ১০০০ টাকা।
• সরকারী টাকা ছাপাখানা - Security Printing Corporation Bangladesh Ltd. (SPCBL)
• SPCBL, গাজীপুরে অবস্থিত।
সঠিক উত্তর : ঘ.

২১. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য গঠিত কমিশনের নাম-
ক. মরিস জোন্স কমিশন খ. স্যার এ এফ রহমান কমিশন
গ. সলিমুল্লাহ কমিশন ঘ. নাথান কমিশন

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (২২) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

২২. বাংলাদেশের সংবিধান কতবার সংশোধন করা হয়েছে?
ক. ১২ খ. ১৩ গ. ১৪ ঘ. ১৫

ব্যাখ্যা: • প্রথম সংশোধনী - ১৯৭৩ সালে
বিষয়বস্তু : যুদ্ধপরাধীসহ অন্যান্য গণবিরোধীদের বিচার নিশ্চিত করা।
• সর্বশেষ ষোড়শ সংশোধনী - ২০১৪ সালে
বিষয়বস্তু : বিচারপতিদের অপসারণের ক্ষমতা সংসদের কাছে ন্যাস্ত করণ।
সঠিক উত্তর : নাই (১৭ বার).

২৩. দেশের প্রস্তাবিত গভীর সমুদ্রবন্দরটি কোথায় স্থাপন করা হবে?
ক. কুতুবদিয়া খ. হাতিরদিয়া গ. সোনাদিয়া ঘ. মংলা

ব্যাখ্যা: • দেশের তৃতীয় সমুদ্রবন্দর "পায়রা।
• পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার বায়নাবাদ চ্যানেলে দেশের তৃতীয় সমুদ্র বন্দর এর নির্মান কাজ শুরু হয় ২০১৩ সালের ১৯ নভেম্বর।
সঠিক উত্তর : গ.

২৪. বার্ডের (BARD) প্রতিষ্ঠাতা কে?
ক. জয়নুল আবেদীন খ. রহমত আহমেদ
গ. আখতার হামিদ খান ঘ. মোঃ এনামুল হক

ব্যাখ্যা: BARD (বার্ড) - Bangladesh Academy for Rural Development. ১৯৫৯ সালে প্রতিষ্ঠিত।
• প্রতিষ্ঠাতা - আখতার হামিদ খান
• কুমিল্লা জেলার কোটাবাড়ীতে বার্ড অবস্থিত।
সঠিক উত্তর : গ.

২৫. বাংলার যে নেতা জমিদারি প্রথা রদে প্রধান ভূমিকা রাখেন?
ক. হোসেন শহীদ সোহরাওয়ার্দী খ. এ কে ফজলুল হক
গ. মাওলানা ভাসানী ঘ. খাজা নাজিমুদ্দিন

ব্যাখ্যা: • অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী - এ কে ফজলুল হক।
• ১৯৩৮ সালে ঋণ সালিশি বোর্ড আইন পাশ করার মাধ্যমে প্রজাস্বত্ব আইন (১৯৩৯ সাল) এবং মহাজনি প্রথা বাতিল আইন (১৯৪০ সাল) এ পাস হয়।
• ২৩ মার্চ ১৯৪০। তিনি লাহোর ভারত বিভক্তির একটি প্রস্তাব পেশ করেন যা "লাহোর প্রস্তাব" নামে বিখ্যাত।
• ১৯৫৩ সালে কৃষক শ্রমিক জনতা পার্টি প্রতিষ্ঠা করেন এবং
• ১৯৫৪ সালের নির্বাচনে কৃষক শ্রমিক জনতা পার্টি বিজয়ী হয়।
সঠিক উত্তর : খ.

## আন্তর্জাতিক বিষয়াবলি

০১. আন্তর্জাতিক মুদ্রা তহবিলের সদর দফতর কোথায়?
ক. নিউ ইয়র্ক খ. বোস্টন গ. ওয়াশিংটন ডি.সি ঘ. শিকাগো

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১১-২০১২) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (০৪) নং দেখ।
সঠিক উত্তর : গ.

০২. কোন দেশটির লিখিত সংবিধান নেই?
ক. অস্ট্রেলিয়া খ. যুক্তরাজ্য গ. সৌদি আরব ঘ. ব্রাজিল

ব্যাখ্যা: • যুক্তরাজ্যের কোন লিখিত সংবিধান নেই।
• "ম্যাগানাকার্টা" ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল। ১২১৫ সালে ম্যাগনাকার্টা স্বাক্ষরিত হয়। • যুক্তরাজ্যের পতাকার নাম - ইউনিয়ন জ্যাক।
সঠিক উত্তর : খ.

০৩. আরব লিগের সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক. দামেস্ক খ. কায়রো গ. তেহরান ঘ. বাগদাদ

ব্যাখ্যা: • ২২ মার্চ ১৯৪৫ আরবলীগ গঠিত হয়।
• ২৬ মার্চ ১৯৭৯ মিসরকে আরবলীগ থেকে বহিষ্কার করা হয়। ১৯৮৯ সালে পুনরায় যোগদান।
• মোট সদস্য সংখ্যা - ২২টি • সদর দপ্তর - কায়রো, মিশর।
• বর্তমান মহাসচিব - নাবিল আল-আরাবি (মিশর)
• মধ্যপ্রাচ্যের দেশ কিন্তু আরবলীগের সদস্য নয় - ইরান
আরও অন্যান্য সংস্থার সদর দপ্তর সম্পর্কে জানতে বিস্তারিত: ঢাবি ঘ (২০১০-২০১১) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১৭) নং দেখ।
সঠিক উত্তর : খ.

নিয়ে সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

০৪. ২০০৯ সালের মহিলা এককে উইম্বলডন চ্যাম্পিয়ান-
ক. সেরেনা উইলিয়াম্‌স খ. ভেনাস উইলিয়াম্‌স
গ. মারিয়া সারাপোভা ঘ. ম্যারি পিয়ার্স

ব্যাখ্যা: • ২০১৪ সালে পুরুষ এককে উইম্বলডন চ্যাম্পিয়ন - নোভাক জেকোভিচ (সার্বিয়া)।
• ২০১৪ সালে মহিলা এককে উইম্বলডন চ্যাম্পিয়ন - সেরেনা উইলিয়াম্‌স (যুক্ত রাষ্ট্র)।
সঠিক উত্তর : ক.

০৫. অস্কার জয়ী ফিল্ম 'স্লামডগ মিলোনিয়ার' - এর পরিচালক-
ক.ড্যানি বোয়েল খ. জেমস ক্যামেরুন
গ. রোমান পোলনস্কি ঘ. আমির খান

ব্যাখ্যা: : ৮৮ তম অস্কার পুরস্কার ২০১৬:
• চলচ্চিত্র - স্পটলাইট
• পরিচালক - আলহান্দ্রো গঞ্জালেজ (দ্যা র‍্যাভেনেন্ট)
• অভিনেতা - লিউনার্দো ডি ক্যাপরিও (দ্যা র‍্যাভেনেন্ট)
• অ্যানিমেটেড চলচ্চিত্র - ইনসাইট আউট
• বিদেশী চলচ্চিত্র - সান অব সাউল
সঠিক উত্তর : ক.

০৬. যে ইউরোপীয় বণিক ভারতে আসার পথ আবিষ্কার করেন-
ক. ম্যাজেলান খ. স্যার ফ্রান্সিস ডে
গ. ভাসকো ডা গামা ঘ. ক্রিস্টোফার কলম্বাস

ব্যাখ্যা: • ১৪৯৮ সালে পর্তুগিজ নাবিক ভাস্কো-দা-গামা ইউরোপ থেকে ভারতবর্ষে আসার পথ আবিষ্কার করেন।
• পর্তুগীজরা ইউরোপীয় বনিকদের মধ্যে প্রথম ভারতবর্ষে ব্যবসা শুরু করে।
• ভারতে পতুর্গিজ শক্তির প্রতিষ্ঠাতা আল বুকার্ক।
• ভারতে প্রথম পর্তুগিজ ভাইসরয় ফ্রান্সিসকো আলমিতা।
সঠিক উত্তর : গ.

০৭. 'জিন্নাহ: ইন্ডিয়া-পার্টিশন-স্বাধীনতা' নামে বইটি লিখেছেন?
ক. যশবন্ত সিং খ. অটল বিহারী বাজপেয়ী
গ. ভি পি সিং ঘ. এল কে আদভানি

সঠিক উত্তর : ক.

০৮. প্রেসিডেন্ট ওবামা কোন্ শহরের অধিবাসী ছিলেন?
ক. মেমফিস খ. ডেট্রয়েট
গ. নিউ ইয়র্ক ঘ. শিকাগো

ব্যাখ্যা: • বারাক ওবামার জন্ম - ৪ আগস্ট ১৯৬১, হাওয়াই, যুক্তরাষ্ট্র
• বারাক ওবামা শিকাগো শহরের অধিবাসী ছিলেন।
• বারাক ওবামা ইলিনয় অঙ্গরাজ্যের সিনেটর ছিলেন।
• বারাক ওবামা যুক্তরাষ্ট্রের ৪৪ তম প্রেসিডেন্ট, চতুর্থ মার্কিন প্রেসিডেন্ট হিসেবে নোবেল পুরস্কার নেন।
• পৈতৃক নিবাস - কেনিয়ায়।
• উল্লেখযোগ্য বই - দ্যা অ্যাডসিটি অব হোপ, ড্রিমস অব মাই ফাদার
সঠিক উত্তর : ঘ.

০৯. কোনটি স্কেনডিনেভিয়ান রাষ্ট্র নয়?
ক. নরওয়ে খ. সুইডেন
গ. ডেনমার্ক ঘ. পোল্যান্ড

ব্যাখ্যা: • স্ক্যান্ডিনেভিয়ান দেশসমূহ ৫টি-
১. আইসল্যান্ড ২. সুইডেন ৩. নরওয়ে ৪. ডেনমার্ক ৫. ফিনল্যান্ড।
• বাল্টিক রাষ্ট্রসমূহ - ৩টি - লিথুয়ানিয়া, লাটভিয়া, এস্তোনিয়া।
• বলকান রাষ্ট্রসমূহ - ১২ টি - ১. বুলগেরিয়া ২. রুমানিয়া ৩. আলবেনিয়া ৪. গ্রিস ৫. সার্বিয়া ৬. হাঙ্গেরি ৭. মেসিডোনিয়া ৮. স্লোভেনিয়া ৯. ক্রোয়েশিয়া ১০. বসনিয়া ও হার্জেগেভিনা ১১. মন্টিনিগ্রো ১২. কসোভো
সঠিক উত্তর : ঘ.

১০. OIC -এর সদস্য রাষ্ট্র কতটি?
ক. ৪৭ খ. ৭৪
গ. ৫৭ ঘ. ৭৫

ব্যাখ্যা: • OIC - Organization of Islamic Cooperation.
• ২৫ সেপ্টেম্বর ১৯৬৯ OIC গঠিত হয় মরক্কোর রাবাতে।
• বর্তমান সদস্য সংখ্যা ৫৭, সর্বশেষ - আইভরি কোস্ট।
• মুসলিম প্রধান না হয়েও OIC এর সদস্য - উগান্ডা, ক্যামেরুন বেনিন, মোজাম্বিক, গায়না ও সুরিনাম
• পর্যবেক্ষক দেশ - রাশিয়া, থাইল্যান্ড, বসনিয়া ও হার্জেগোভিনা।
• সদর দপ্তর - জেদ্দা, সৌদি আরব
সঠিক উত্তর : গ.

১১. যে দুটি বিষয়ের উপর গুরুত্ব দিয়ে ২০০৯ সনের সেপ্টেম্বরে জাতিসংঘ সাধারণ পরিষদের ৬৪তম অধিবেশনের শুরু হয়?
ক. আণবিক অস্ত্র বিস্তার ও সন্ত্রাসবাদ
খ. সন্ত্রাসবাদ ও মানবাধিকার
গ. জলবায়ু পরিবর্তন ও সন্ত্রাসবাদ
ঘ. জলবায়ু পরিবর্তন ও আণবিক অস্ত্র বিস্তার

সঠিক উত্তর : ঘ.

১২. ফরাসি বিপ্লব কোন সালে শুরু হয়েছিল?
ক. ১৬৪৮ খ. ১৬৮৮ গ. ১৭৮৯ ঘ. ১৮০৫

ব্যাখ্যা: আলোচিত কিছু বিপ্লব-

| নাম | সময়কাল | দেশ |
|---|---|---|
| শিল্প বিপ্লব | ১৭৮০-১৮৫০ | ইংল্যান্ড |
| ফরাসি বিপ্লব | ১৭৮৯-১৭৯৯ | ফ্রান্স |
| রুশ/অক্টোবর/বলশেভিক বিপ্লব | ১৯১৭ | রাশিয়া |
| ভেলভেট বিপ্লব | ১৯৮৯ | চেকোস্লোভিয়া |
| ইসলামিক বিপ্লব | ১৯৭৯ | ইরান |
| টিউলিপ বিপ্লব | ২০০৫ | কিরঘিস্তান |
| জেসমিন বিপ্লব | ২০১১ | তিউনেসিয়া |

• বস্তিল দুর্গ আক্রমনের মধ্য দিয়ে ফারাসি বিপ্লব শুরু হয়।
• ফারসি বিপ্লবের সময় ফ্রান্সের রাজা ছিলেন - ষোড়শ লুই।
• ফারাসি বিপ্লবের স্লোগান - স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্ব।
সঠিক উত্তর : গ.

১৩. ফ্রান্সে নেপোলিয়ান বোনাপার্ট ক্ষমতায় এসেছিলেন?
ক. ১৭৮৯ খ. ১৭৯৯ গ. ১৮০২ ঘ. ১৭৫৪

ব্যাখ্যা: • ১৮০৪ সালে নেপোলিয়ান ফ্রান্সের সম্রাট নিযুক্ত হন।
• ফারসি বিপ্লবের শিশু/লিটল কর্পোরাল বলা হয় নেপোলিয়ানকে।
• ১৮১৫ সালে নেপোলিয়ানকে সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসন দেয়া হয় এবং ১৮২১ সালে তিনি মৃত্যুবরণ করেন।
সঠিক উত্তর : নেই.

১৪. ২০০৯ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন-
ক. অলিভার স্মিথ খ. টমাস কার্লাইল
গ. এলিনার ওস্ট্রোম ঘ. ক্যাথরিন মেকলে

ব্যাখ্যা: ২০১৫ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পান - অ্যাঙ্গাস ডিটন (বিট্রিশ আমেরিকান)
সঠিক উত্তর : গ.

১৫. কোন দেশ ন্যাটোর সদস্য নয়?
ক. অস্ট্রিয়া খ. পোল্যান্ড গ. হাংগেরি ঘ. স্পেন

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১০-২০১১) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (২৩) নং দেখ।
সঠিক উত্তর : ক.

১৬. পূর্ব তিমুর কোন দেশ থেকে আলাদা হয়েছে?
ক. ইন্দোনেশিয়া খ. অস্ট্রেলিয়া গ. চীন ঘ. থাইল্যান্ড

ব্যাখ্যা: • পূর্ব তিমুর স্বাধীনতা লাভ করে - ২০ মে ২০০২।
• স্বাধীনতার পূর্বে পূর্ব তিমুর ইন্দোনেশিয়ার অধীনে ছিল।
• ১৫১৫-১৯৭৪ সাল পর্যন্ত পূর্ব তিমুর পর্তুগালের উপনিবেশ ছিল।
• পূর্ব তিমুর জাতিসংঘের ১৯১ তম সদস্য।
সঠিক উত্তর : ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৭. এমডিজির পূর্ণাঙ্গ রূপ-
ক. মিনিমাম ডেভেলপমেন্ট গোল্‌স
খ. মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল্‌স
গ. মিলিটারি ডিফেন্স গ্রউন্ড
ঘ. মিলিটারি ডিলিমিটেশন গ্রুপ

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১১-২০১২) এর আন্তজার্তিক বিষয়াবলীর (১৯) নং দেখ।
সঠিক উত্তর : খ.

১৮. ইন্দোনেশিয়া কার উপনিবেশ ছিল?
ক. ব্রিটেন খ. ফ্রান্স
গ. পর্তুগাল ঘ. নেদারল্যান্ডস্

ব্যাখ্যা: • নেদারল্যান্ডের উপনিবেশ - ইন্দোনেশিয়া।
• ব্রিটেনের উপনিবেশ - মালায়েশিয়া, মিয়ানমার।
• পর্তুগালের উপনিবেশ - পূর্ব তিমুর।
সঠিক উত্তর : ঘ.

১৯. পিট্স্‌বার্গ মার্কিন যুক্তরাষ্ট্রের কোন অঙ্গরাজ্যের অন্তর্ভুক্ত?
ক. ক্যালিফোর্নিয়া খ. পেনসিলভেনিয়া
গ. ফ্লোরিডা ঘ. টেক্সাস
সঠিক উত্তর : খ.

২০. ২০১৬ সালের গ্রীষ্মকালীন অলিম্পিক গেমসের আয়োজক-
ক. লন্ডন খ. শিকাগো
গ. এথেন্স ঘ. রিও ডি জেনিরো
সঠিক উত্তর : ঘ.

২১. OPEC কোন পণ্যের cartel?
ক. পাট খ. কপা
গ. কফি ঘ. পেট্রোলিয়াম

ব্যাখ্যা: নির্দিষ্ট পন্যের উপর রপ্তানি জোটকে কার্টেল বলে।
• OPEC - Organization of the Petroleum Exporting Countries.
• ১৪ সেপ্টেম্বর ১৯৬০ OPEC প্রতিষ্ঠা লাভ করে।
• OPEC এর বর্তমান সদস্য সংখ্যা-১২
• সদর দপ্তর - ভিয়েনা, অস্ট্রিয়া
সঠিক উত্তর : ঘ.

২২. কোন দেশটিতে বর্তমানে ন্যাটো বাহিনীর উপস্থিতি আছে?
ক. ইরাক খ. আফগানিস্তান
গ. সুদান ঘ. কোনটিই নয়
সঠিক উত্তর : খ.

২৩. প্রথম বাঙালি দাবা গ্রান্ডমাষ্টার কে?
ক. জিয়াউর রহমান খ. সূর্য শেখর গাঙ্গুল
গ. নিয়াজ মুর্শেদ ঘ. দিব্যেন্দু বড়ুয়া

ব্যাখ্যা: বাংলাদেশে বর্তমানে ৫ জন গ্র্যান্ডমাস্টার রয়েছে।
সর্বপ্রথম - নিয়াজ মোর্শেদ (১৯৯৭)
সর্বশেষ - এনামুল হোসেন রাজীব (২০০৮)
সঠিক উত্তর : গ.

২৪. আফ্রিকা ভিত্তিক COMESA হচ্ছে একটি-
ক. শান্তি ফোরাম খ. সামরিক জোট
গ. বাণিজ্যিক ব্লক ঘ. পরিবেশবাদী গ্রুপ

ব্যাখ্যা: COMESA - Common Market for Eastern and Southern Africa.
সঠিক উত্তর : গ.

২৫. গ্রিন হাউস গ্যাস নির্গমনকারী শীর্ষস্থানীয় দেশ দু'টি হচ্ছে-
ক. মার্কিন যুক্তরাষ্ট্র ও জাপান খ. মার্কিন যুক্তরাষ্ট্র ও চীন
গ. মার্কিন যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য ঘ. মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়া

ব্যাখ্যা: গ্রীন হাউস গ্যাস নির্গমনাকারী শীর্ষ দেশ -
১. যুক্তরাষ্ট্র ২. চীন ৩. যুক্তরাজ্য
সঠিক উত্তর : খ.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০০৮-২০০৯

### বাংলা

০১. 'একটি ফটোগ্রাফ' কোন ছন্দে লেখা?
ক. সামিল অক্ষরবৃত্ত খ. মুক্তক অক্ষরবৃত্ত
গ. স্বরমাত্রিক ঘ. মাত্রাবৃত্ত

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

০২. 'টুপভুজঙ্গ' বাগধারার অর্থ-
ক. জল-সাপ খ. নির্লজ্জ গ. নেশাগ্রস্ত ঘ. গো-সাপ
সঠিক উত্তর : গ.

০৩. 'অতি কর্মনিপুণ ব্যক্তি'র বাক্য সংকোচন-
ক. ধুরন্ধর খ. কর্মদক্ষ গ. কর্মবীর ঘ. সুকর্মী
সঠিক উত্তর : ক.

০৪. প্রত্যয়ের অপপ্রয়োগজনিত অশুদ্ধ শব্দ-
ক. তদ্দর্শনে খ. অধীন গ. নির্দোষিতা ঘ. আবশ্যকীয়

ব্যাখ্যা: অবশ্য + অক (বুঞ) - আবশ্যক
এই বিশেষণের সাথে নতুন করে" "ঈয়" প্রত্যয় যোগ করায় এটি "বাহুল্য দোষ" এর মধ্যে পড়ে।
সঠিক উত্তর : ঘ.

০৫. আধার-আধেয় সম্বন্ধ হল-
ক. টিনের দুধ খ. রাজশাহীর পদ্ম গ. যমুনা-সেতু ঘ. টর্চের আলো

ব্যাখ্যা: "সম্বন্ধ পদ" বহু প্রকারের হতে পারে।
গুরুত্বপূর্ণ কিছু দেয়া হল-
অধিকার সম্বন্ধ - রাজার রাজ্য জন্য-জনক সম্বন্ধ - পুকুরের মাছ
ব্যাপ্তি সম্বন্ধ - রোজার ছুটি অংশ সম্বন্ধ - মাথার চুল
আধার-আধেয় সম্বন্ধ - টিনের দুধ অভেদ সম্বন্ধ - জ্ঞানের আলোক
বিশেষণ সম্বন্ধ - সুখের দিন নির্ধারণ সম্বন্ধ - সবার ছোট
সঠিক উত্তর : ক.

০৬. bloc-এর যথার্থ পারিভাষিক শব্দ-
ক. অবরোধ খ. শক্তিজোট
গ. নির্ধারিত এলাকা ঘ. নির্দিষ্ট সংখ্যক অট্টালিকা

ব্যাখ্যা: Bloc - শক্তিজোট Colony - উপনিবেশ
Archieves - মহাফেজখানা Study leave - শিক্ষা ছুটি
Time and again - বারবার Hybrid - উচ্চ ফলনশীল
In abeyance - স্থগিত করা Provoke - উস্কানি দেওয়া
সঠিক উত্তর : খ.

০৭. অসংলগ্ন সমাস-
ক. কালোগোলাপ খ. সঙ্গীত সম্মেলন
গ. সংস্কৃতি-বিষয়ক ঘ. রীতি-নীতি

ব্যাখ্যা: "সঙ্গীত আসর" হয় "সঙ্গীত সম্মেলন" হয় না।
সঠিক উত্তর : খ.

০৮. ভুল সন্ধি-
ক. মনঃ + কষ্ট = মনঃকষ্ট খ. ইতঃ + পূর্বে = ইতোপূর্বে
গ. সিম্ + হ = সিংহ ঘ. শ্রু + অন = শ্রবণ

ব্যাখ্যা : • "সিংহ" একটি মৌলিক শব্দ তাই এর সন্ধি হয় না।
• ইতঃ + পূর্বে = ইতঃপূর্বে।
সঠিক উত্তর : খ ও গ.

০৯. উপসর্গযুক্ত শব্দ-
ক. কুজন খ. কুসুম গ. কুলীন ঘ. কুশল

ব্যাখ্যা ঃ উপসর্গ অন্য শব্দের আগে বসে অর্থের বৈচিত্র্য করে। "জন" শব্দটি "কু" উপসর্গ এর সাথে যুক্ত হয়ে নতুন অর্থ প্রকাশ করেছে। তাই এটি একটি উপসর্গযুক্ত শব্দ। অপশনের বাকি দুটি শব্দ প্রত্যয় এবং সর্বশেষ শব্দটি মৌলিক শব্দ।
সঠিক উত্তর ঃ ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার